# বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক,টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.bhtpa.gov.bd

BANGLADESH HI-TECH PARK AUTHORITY

স্মারক নম্বর: ৫৬.০২.০০০০.০১৫.১৬.০০২.২২- ২৮ | তারিখ: ১২/০৭/২০২৩ খ্রি.

বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ প্রণয়নের জন্য তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২৮/০৫/২০২৩ তারিখের ৫৬.০০.০০০০.০৬৫.১৬.০০১.২২.২ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনে অন্তর্ভূক্ত করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের তথ্যাদি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

১২/০৭/২০২৩
(মোহাম্মদ রেজাউল করিম)
ব্যবস্থাপনা পরিচালক
ফোন: ৫৫০০৬৯৫২

সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
[দৃ: আ: উপসচিব, রাজস্ব বাজেট শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ]

**বিতরণ: কার্যার্থে**

১। কর্মকর্তা (সকল), বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
২। প্রকল্প পরিচালক (সকল), বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩। কর্মচারী (সকল), বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪। সংশ্লিষ্ট নথি।

# বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

www.bhtpa.gov.bd

বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩

## ১.১ পরিচিতি

দেশে হাই-টেক শিল্প তথা তথ্যপ্রযুক্তি নির্ভর শিল্পের বিকাশ ও উন্নয়নের মাধ্যমে বিনিয়োগবান্ধব পরিবেশ তৈরি ও কর্মসংস্থান সৃষ্টি করার লক্ষ্যে 'বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন-২০১০' এর আওতায় বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠালগ্ন হতে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ দেশের বিভিন্ন স্থানে হাই-টেক পার্ক/সফটওয়্যার টেকনোলজি পার্ক/ আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপনের মাধ্যমে দেশের বিপুল যুবশক্তির কর্মসংস্থান নিশ্চিত করা ও দক্ষ মানবসম্পদ সৃষ্টি করে আর্থ সামাজিক উন্নয়নে কাজ করে যাচ্ছে। প্রশাসনিক কাঠামো অনুযায়ী বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ব্যবস্থাপনা পরিচালক প্রধান নির্বাহী কর্মকর্তা। প্রতিষ্ঠানটির কার্যক্রম তদারকি ও দিক নির্দেশনা প্রদানের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মন্ত্রী/প্রতিমন্ত্রীর সভাপতিত্বে নির্বাহী কমিটি এবং মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে বোর্ড অব গভর্নরস (বিওজি) রয়েছে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ সারাদেশে ৯২টি হাই-টেক পার্ক (এইচটিপি)/সফটওয়্যার টেকনোলজি পার্ক(এসটিপি)/আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার নির্মান করছে। ইতোমধ্যে ১১টি পার্কের নির্মাণ কাজ শেষ হয়েছে ও ব্যবসায়িক কার্যক্রম চলছে। বাকী পার্কগুলোর নির্মাণ কাজ চলমান রয়েছে।

| | | |
|---|---|---|
| প্রশাসনিক বিভাগ | : | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |
| মন্ত্রণালয় | : | ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় |
| প্রতিষ্ঠার তারিখ | : | ২৮ জুন, ২০১০ খ্রিস্টাব্দ |
| প্রধান কার্যালয় | : | আইসিটি টাওয়ার (লেভেল-৯) আগারগাঁও, ঢাকা। |

## ১.২ রূপকল্প (Vision):

বাংলাদেশে আইটি/হাই-টেক শিল্পের টেকসই উন্নয়ন ও বিকাশ।

## ১.৩ অভিলক্ষ্য (Mission):

তথ্য-প্রযুক্তি শিল্পের জন্য আন্তর্জাতিক মানের অবকাঠামো প্রতিষ্ঠার মাধ্যমে বিনিয়োগের অনুকূল ও টেকসই পরিবেশ উন্নয়ন করে হাই-টেক শিল্পের ইকোসিস্টেম তৈরি।

## ১.৪ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের প্রধান কার্যাবলি

হাই-টেক সেক্টরে বিনিয়োগ এবং কর্মসংস্থান বৃদ্ধির জন্য উপযুক্ত বিনিয়োগ অবকাঠামো এবং দক্ষ মানব সম্পদ উন্নয়নের মাধ্যমে দেশের অর্থনৈতিক সমৃদ্ধি আনয়ন বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের মূল দায়িত্ব। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের গুরুত্বপূর্ণ কার্যাবলী নিম্নরূপ:

- বাংলাদেশে হাই-টেক পার্ক নির্মাণের পরিকল্পনা গ্রহণ এবং তা বাস্তবায়ন;
- বাংলাদেশে হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক প্রতিষ্ঠিত পার্কের সুষ্ঠু ব্যবস্থাপনা ও পরিচালনা;
- হাই-টেক পার্কে বিশ্বমানের বিনিয়োগ বান্ধব পরিবেশ নিশ্চিতকরণ;
- হাই-টেক পার্কে বিদেশী বিনিয়োগ আকৃষ্টকরণ;
- হাই-টেক/আইটি খাতের জন্য প্রয়োজনীয় দক্ষ মানবসম্পদ উন্নয়ন;
- বেসরকারি পর্যায়ে হাই-টেক পার্ক/ সফটওয়্যার টেকনোলজি পার্ক স্থাপন উৎসাহিতকরণ;
- হাই-টেক শিল্পের জন্য বিনিয়োগ বান্ধব পলিসি, গাইডলাইনস ও আইন প্রণয়ন;
- হাই-টেক/আইটি শিল্প নির্ভর স্টার্ট আপদের ইনকিউবেশন সুবিধা প্রদানসহ দেশে উদ্ভাবনী সংস্কৃতি গড়ে তোলা;


## ১.৫ প্রশাসনিক কাঠামো

### (ক) জনবল

প্রশাসনিক কাঠামোতে ব্যবস্থাপনা পরিচালক, পরিচালক (২ জন), উপ-পরিচালক (৪ জন) সহ মোট অনুমোদিত জনবল ৭৬ জন। বর্তমানে কর্মরত আছেন ৭৪ জন, যাদের মধ্যে ১-১০ গ্রেডভুক্ত ২৪ জন ও ১১-২০ গ্রেডভুক্ত ৫০ জন। শূন্য পদের সংখ্যা ০৮টি, যার মধ্যে ১-১০ গ্রেডের ০২ জন ও ১১-২০ গ্রেডের ০৬ জন।

| অনুমোদিত জনবল | | | | বিদ্যমান জনবল | | | | শূন্য পদের বিবরণ | | | | সর্বমোট জনবল | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **১ম শ্রেণি** | ২য় শ্রেণি | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | ১ম শ্রেণি | ২য় শ্রেণি | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | ১ম শ্রেণি | ২য় শ্রেণি | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | অনুমোদিত | কর্মরত | শূন্য |
| **২০** | **০৫** | **২৫** | **২৬** | **২০** | **০৩** | **১৯** | **২৬** | **-** | **০২** | **০৬** | **-** | **৭৬** | **৬৮** | **০৮** |

## (খ) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের অর্গানোগ্রাম



## ১.৬ ২০২২-২৩ অর্থবছরে বাজেট বরাদ্দ ও ব্যয় (উন্নয়ন ও অনুন্নয়ন):

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বাজেটে ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কিস্তি অর্থ ছাড়, ব্যয়ের পরিমান এবং ব্যয়ের হার:

(হাজার টাকায়)

| ক্রমিক | ২০২২-২৩ অর্থ বছরে সংশোধিত বাজেটে বরাদ্দ | ১ম, ২য়,৩য় ও ৪র্থ কিস্তিতে ছাড় পরিমান | ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কোয়াটর ব্যয়ের পরিমান | ব্যয়ের হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | ২১,২৭,২০ | ২১,০৭,২০ | ১৯,০৩,৯১ | ৯০.৩৫% | |

প্রকল্পসমূহের ২০২২-২৩ অর্থ বছরের বাজেটে ১ম, ২য়,৩য় ও ৪র্থ কিস্তি অর্থ ছাড়, ব্যয়ের পরিমান এবং ব্যয়ের হার:

(হাজার টাকায়)

| ক্রমিক | ২০২২-২৩ অর্থ বছরে সংশোধিত বাজেটে বরাদ্দ | ১ম, ২য়,৩য় ও ৪র্থ কিস্তিতে ছাড় পরিমান | ১ম, ২য়, ৩য় ও ৪র্থ কোয়াটর ব্যয়ের পরিমান | অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | ৬৮৩,৯৪,০০ | ৬৬৮,৮৮,০৩ | ৬৬৭,১৬,৯৮ | ৯৯.৭৪% | |

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এবং প্রকল্পসমূহের ২০২২-২৩ অর্থ বছরের মোট ব্যয়ের পরিমান এবং ব্যয়ের হার:

(হাজার টাকায়)

| ক্রমিক | ২০২২-২৩ অর্থ বছরে সংশোধিত বাজেটে বরাদ্দ | মোট অর্থ ছাড় | মোট ব্যয়ের পরিমান | অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | ৭০৫,২১,২০ | ৬৮৯,৯৫,২৩ | ৬৮৬,২০,৮৯ | ৯৯.৪৫% | |

## ১.৭ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ সম্পর্কিত আইন, বিধিমালা ও গাইডলাইন

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত আইন, বিধিমালা ও গাইডলাইন প্রণীত হয়েছে:

ক। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (সংশোধিত -২০১৪)
খ। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০১১
গ। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিধিমালা, ২০১৫
ঘ। বেসরকারি সফটওয়্যার টেকনোলজি পার্ক ঘোষণা সম্পর্কিত গাইডলাইন, ২০১৫
ঙ। ওয়ান স্টপ সার্ভিস আইন, ২০১৮
চ। ওয়ান স্টপ সার্ভিস (বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ) বিধিমালা, ২০১৯

## ১.৮ বার্ষিক কর্মসম্পদান চুক্তি

একটি কার্যকর, দক্ষ এবং গতিশীল প্রশাসনিক ব্যবস্থার পরিপ্রেক্ষিতে স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের জন্য ২০১৪-১৫ অর্থ-বছর হতে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরের মাধ্যমে বছরভিত্তিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি চালু হয়েছে। পাঁচটি ঐচ্ছিক কৌশলগত উদ্দেশ্য (হাই-টেক শিল্পের প্রমোশন, অবকাঠামো তৈরি, মানবসম্পদ তৈরি, ওয়ান স্টপ সার্ভিস ও হাই-টেক শিল্পের গবেষনা) এবং পাঁচটি আব্যশিক কৌশলগত (যথা: শুদ্ধাচার, ই-গভর্ন্যান্স, অভিযোগ প্রতিকার, সেবা প্রদান প্রতিশ্রুতি ও তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন) উদ্দেশ্যকে বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মধ্যে প্রতিবছর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। এ চুক্তির আওতায় তিনটি কৌশল গত উদ্দেশ্যকে বাস্তবায়নের জন্য বিভিন্ন কার্যক্রম গৃহীত হয়। এছাড়াও মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য বাস্তবায়ন করা হয়। সামগ্রিকভাবে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন হার ১০০%।

## ১.৯ বার্ষিক কর্মসম্পদান চুক্তির উল্লেখযোগ্য অর্জন (২০২২-২৩ অর্থ বছরের)

| লক্ষ্যমাত্রা | কার্যক্রম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | অগ্রগতি/মন্তব্য |
|---|---|---|---|
| ১.১। আইটি পার্কসমূহের কার্যক্রম চালুকরণ<br><br>লক্ষ্যমাত্রা: ২ টি | ১। শেখ কামাল আইটি বিজনেস ইনকিউবেটর, চুয়েট। | ১। পরিচালক কারিগরি | ০১। শেখ কামাল আইটি বিজনেস ইনকিউবেটর, চুয়েট পার্কটি গত ৬ জুলাই, ২০২২ তারিখ উদ্বোধন হয়েছে ও বরাদ্দ প্রদান করা হয়েছে বর্তমানে পার্কটিতে ৬ টি বিনিয়োগকারী প্রতিষ্ঠানকে বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ৮ টি স্টার্ট আপ প্রতিষ্ঠানকে বরাদ্দ প্রদান করা হয়েছে।<br><br>০২। শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার, বরিশাল পার্কটি গত ১২ ডিসেম্বর ২০২২ তারিখে উদ্বোধন করা হয়েছে বর্তমানে পার্কটিতে আইটি/আইটিএস বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। |
| | ২। শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার, বরিশাল | ১। প্রকল্প পরিচালক, রাজশাহী<br><br>ক) উপ-পরিচালক (সংগ্রহ) | |
| ১.২। বিনিয়োগকারী দের সাথে মতবিনিময় সভা।<br><br>লক্ষমাত্রা: ৭ টি। | ১. বঙ্গবন্ধু হাই-টেক সিটি (৩ টি সভা) | উপ-পরিচালক (সংগ্রহ)<br><br>(ক) সহকারী পরিচালক (সংগ্রহ) | লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ অর্জিত। |
| | ২. ভিশন টাওয়ার (৩ টি সভা) | সহকারী পরিচালক (বিনিয়োগ) | |
| | ৩. যশোর (২ টি সভা) | সহকারী প্রকৌশলী (সিভিল) | |

| লক্ষ্যমাত্রা | কার্যক্রম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | অগ্রগতি/মন্তব্য |
|---|---|---|---|
| | ৪. রাজশাহী-(১ টি সভা) | এসিস্টেন্ট মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার | |
| ১.৩। সেমিনার/ ওয়ার্কশপ/ রোড শো আয়োজন<br>লক্ষমাত্রা: ৭ টি। | ১) DEIED প্রকল্প (২টি) | ১. প্রকল্প পরিচালক, DEIED | লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ অর্জিত। |
| | ২) হাই-টেক সিটি-২ (২টি) | ১. প্রকল্প পরিচালক, হাই-টেক সিটি-২ | |
| | ৩) ১২ আইটি প্রকল্প (২টি) | ১. প্রকল্প পরিচালক, ১২ আইটি | |
| | ৪) ৮ আইটি প্রকল্প (২টি) | ১. প্রকল্প পরিচালক, ৮ আইটি | |
| | ৫) ১৪ আইটি (১টি) | ১. প্রকল্প পরিচালক, ১৪ আইটি | |
| | ৬) SHIFT (১টি) | ১. প্রকল্প পরিচালক, SHIFT | |
| | ৭) Fire Training | সহকারী পরিচালক (প্রশাসন) | |
| ১.৪। ভূমি বরাদ্দ প্রদান<br>লক্ষ্যমাত্রা: ৫ টি | ১. বঙ্গবন্ধু হাই-টেক সিটি | ১. উপ-পরিচালক (সংগ্রহ)<br>ক) সহকারী পরিচালক (প্রশাসন)/(সংগ্রহ) | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হতে ২০২২-২০২৩ অর্থবছরে মোট ৭ টি প্রতিষ্ঠানকে ভূমি বরাদ্দ প্রদান করা হয়েছে যথা:<br>১। বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, সিলেট: ৩ টি<br>২। বঙ্গবন্ধু হাই-টেক সিটি, কালিয়কৈর: ৪ টি |
| | ২. সিলেট (৩ টি কোম্পানি) | ১. উপ-পরিচালক (সংগ্রহ)<br>ক) সহকারী পরিচালক (সংগ্রহ) | |
| | ৩. রাজশাহী | ১. উপ-পরিচালক (সংগ্রহ)<br>ক) সহকারী পরিচালক (বিনিয়োগ)/(সংগ্রহ) | |
| ১.৫। স্পেস/ ফ্লোর বরাদ্দ প্রদান<br>লক্ষমাত্রা: মোট ৪০ টি | ১. চুয়েট: (২০ টি)<br>২. যশোর, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা: (২০ টি) | ১. উপ-পরিচালক (সংগ্রহ)<br>ক) সহকারী পরিচালক (বিনিয়োগ)<br>খ) সহকারী পরিচালক (সংগ্রহ) | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হতে ২০২২-২০২৩ অর্থবছরে মোট ৪৩ টি স্টার্ট-আপ প্রতিষ্ঠানকে স্পেস বরাদ্দ প্রদান করা হয়েছে যথা:<br>১। চুয়েট: ২ টি<br>২। চট্টগ্রাম-২২ টি |

| লক্ষ্যমাত্রা | কার্যক্রম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | অগ্রগতি/মন্তব্য |
|---|---|---|---|
| | | | ৩। যশোর-১১ টি<br>৪। ভিশন টাওয়ার: ১ টি<br>৫। খুলনা: ৩ টি<br>৬। রাজশাহী-৪ টি |
| ১.৬। হাই-টেক পার্কের স্পেস নির্মাণ<br>লক্ষমাত্রা: ৪০,০০০ বর্গফুট | ১. ৮ আইটি (কেন্টিন) (২৫০০০) বর্গফুট (রংপুর, বরিশাল, মাগুরা, চট্টগ্রাম)<br>২. বঙ্গাবন্ধু হাই-টেক সিটি-২ (২০,০০০) বর্গফুট | ১. প্রকল্প পরিচালক<br>৮ আইটি প্রকল্প<br>১. প্রকল্প পরিচালক বঙ্গাবন্ধু হাই-টেক সিটি-২ | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরে মোট: ৭৯০৩৬ বর্গফুট স্পেস নির্মাণ সম্পন্ন হয়েছে যথা:<br>১। বঙ্গাবন্ধু হাই-টেক সিটি-২ সহায়ক অবকাঠামো নির্মান প্রকল্প: ৭০০০০ বর্গফুট<br>২। শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপন প্রকল্প: ৯০৩৬ বর্গফুট |
| ১.৭। ইনোভেশন হাব<br>লক্ষমাত্রা: ২ টি | DEIED প্রকল্প<br>(২টি)<br>১। ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ইউ আই ইউ)<br>২। রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। | ১. প্রকল্প পরিচালক, DEIED প্রকল্প | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীণ ডিজিটাল উদ্যোক্তা এবং উদ্ভাবন ইকো-সিস্টেম উন্নয়ন প্রকল্প হতে বিশ্ববিদ্যালয় ভিত্তিক ২ টি ইনোভেশন হাব নির্মাণ সম্পন্ন হয়েছে যথা:<br>১। রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়<br>২। ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (ইউ আই ইউ) |
| ১.৮। ওয়ান স্টপ সার্ভিস পোর্টালে নতুন সেবা অন্তভূক্ত করণ।<br>লক্ষমাত্রা:<br>(১০ টি সেবা) | ও এস এস শাখা | ১. ব্যবস্থাপনা পরিচালকের<br>একান্ত সচিব<br>ক) এসিস্টেন্ট মেইন্টেন্যান্স<br>ইঞ্জিনিয়ার | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরে ও এস এস এ নতুন ১০ টি সেবা সংযুক্ত করা হয়েছে, সেবাসমূহ:<br>১। এটাস্টেশন এন্ড সার্টিফিকেশন অফ ইমপোর্ট ডকুমেন্টস ফর ইনভেস্টর কোম্পানি।<br>২। এটাস্টেশন এন্ড সার্টিফিকেশন অফ ইমপোর্ট ডকুমেন্টস ফর পার্ক ডেভেলপারস।<br>৩। রেকমেন্ডেশন্স ফর এক্সেম্পশন অফ ইনকাম টেক্স ফর পার্ক ডেভেলপারস।<br>৪। রেকমেন্ডেশন্স ফর এক্সেম্পশন অফ ইনকাম টেক্স ফর পার্ক ইনভেস্টর।<br>৫। রেকমেন্ডেশন্স ফর ইস্যুরেন্স অফ ইন্ডাস্ট্রিয়াল আইআরসি ফার্স্ট এড- হোক। |

| লক্ষ্যমাত্রা | কার্যক্রম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | অগ্রগতি/মন্তব্য |
|---|---|---|---|
| | | | ৬। এনোসি ফর জেনারেটর এস্টাব্লিশমেন্ট।<br>৭। এনোসি ফর অবটেইনিং ব্যাংক লোন।<br>৮। এনোসি ফর অবটেইনিং ফরেইন লোন।<br>৯। ল্যান্ড ইউজ প্ল্যান এপ্রোভাল<br>১০। ল্যান্ড ইউজ প্ল্যান এমেন্ডমেন্ট। |
| ২.১। আইটি/ আইটিইএস বিষয়ে প্রশিক্ষণ (২০০০)<br>সংশোধিত<br>লক্ষ্যমাত্রা: ১০০০ জন। | DEIED প্রকল্প (৫০০ জন) | ১. প্রকল্প পরিচালক, DEIED প্রকল্প | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক ২০২২-২৩ অর্থবছরে মোট ১১৮৮ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে যথা:<br>১। বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, রাজশাহী: ৭৬২ জন<br>২। ডিজিটাল উদ্যোক্তা এবং উদ্ভাবন ইকো-সিস্টেম উন্নয়ন প্রকল্প: ২২০ জন<br>৩। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ ও এস এস শাখা: ১৭৬ জন<br>৪। বাংলাদেশ ভারত ডিজিটাল পরিষেবা ও কর্মসংস্থান প্রশিক্ষণ (বিডিসেট) কেন্দ্র প্রকল্প: ৩০ জন। |
| | রাজশাহী প্রকল্প (৫০০ জন) বিডিসেট (৩০) | ১. প্রকল্প পরিচালক,<br>রাজশাহী প্রকল্প | |
| | মোট: ১০০০ জন | | |
| ৩.১। ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ<br>লক্ষমাত্রা: ১ টি | ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ। | ১. উপ-পরিচালক (পরিকল্পনা)<br>ক) সহকারী প্রকৌশলী (সিভিল) | গত ২৫ জুন ২০২৩ তারিখে শেখ কামাল আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টার স্থাপন (১২টি) প্রকল্পের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। |
| ৪.১। সমাপ্ত প্রকল্পের প্রতিবেদন আইসিটি বিভাগে প্রেরণ<br>লক্ষমাত্রা: ২ টি | চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শেখ কামাল আইটি বিজনেস ইনকিউবেটর স্থাপন প্রকল্প (জুলাই,২০১৭-জুন,২০২২) | ১. পরিচালক (কারিগরি) | লক্ষ্যমাত্রা অনুযায়ী শতভাগ অর্জিত। |
| | দেশের ৩২ টি জেলায় শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপনের নিমিত্ত সম্ভাব্যতা যাচাই" শীর্ষক প্রকল্প<br>(জানুয়ারি, ২০২১ হতে | ১. জনাব জোহরা বেগম,<br>যুগ্ম সচিব | |

| লক্ষ্যমাত্রা | কার্যক্রম | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | অগ্রগতি/মন্তব্য | |
|---|---|---|---|---|
| | জুন, ২০২২) | | | |
| ৫.১. হাই-টেক সেক্টরের জন্য দক্ষ মানব সম্পদের চাহিদা নিরুপন<br>লক্ষমাত্রা: ১ টি | গবেষণা শাখা | ১. রিসার্চ অফিসার | বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ হতে Skills Demand for the Hi-Tech Parks of BHTPA নামক একটি গবেষণা সম্পন্ন করা হয়েছে। | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | |
| ১.১ শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ণ | শতভাগ কার্যক্রম নিশ্চিত করতে হবে। | জনসংযোগ কর্মকর্তা | | |
| ১.২ ই-গভর্ন্যান্স /উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ণ | | সহকারি মেইটেন্যান্স ইঞ্জিনিয়ার | | |
| ১.৩ অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ণ | | উপ-পরিচালক (অর্থ ও প্রশাসন) | ৩০-০৬-২৩ | |
| ১.৪ সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ণ | | সহকারি পরিচালক (বিনিয়োগ) | | |
| ১.৫ তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ণ | | মেইটেন্যান্স ইঞ্জিনিয়ার | | |

## ১.১০ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে ২০২১-২২ অর্থবছরের অর্জন

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর প্রায় সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে। নৈতিকতা কমিটির সভা এবং অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করা হয়েছে এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে। চলতি অর্থবছরে কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়নে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ওয়ানস্টপ সার্ভিস ফি পরিপত্র, ডে-কেয়ার ম্যানুয়াল এবং ইনকিউবেশন সেন্টার পরিচালনা ম্যানুয়াল প্রণয়ন করা হয়েছে। উত্তম চর্চার তালিকা যথাসময়ে প্রণয়ন করা হয়েছে। বিভিন্ন বিষয়ের ফোকাল কর্মকর্তা নির্ধারণপূর্বক তালিকা ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের তথ্য বাতায়ন হালনাগাদকরণ, ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন ও চর্চা, অভিযোগ নিষ্পত্তিকরণ, সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য পরিচ্ছন্ন টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) চালুকরণ এবং সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের জন্য অভিযোগ/পরামর্শ বক্স চালু করা হয়েছে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের আওতাধীন সকল প্রকল্পের অধিকাংশ ক্রয় প্রক্রিয়া ই-টেন্ডার/ই-জিপি-এর মাধ্যমে সম্পাদন করা হয়েছে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ভেরিফাইড ফেসবুক পেজ এর মাধ্যমে নাগরিক সমস্যার সমাধান এবং বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদানসহ বিভিন্ন তথ্য দেওয়া হচ্ছে। বিভিন্ন ইভেন্টের প্রেসবিজ্ঞপ্তি আপলোড করা হচ্ছে।

## ১.১১ মানবসম্পদ উন্নয়ন ও প্রশিক্ষণ অবকাঠামো নির্মাণ

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইটি ইন্ডাস্ট্রির জনবলের চাহিদার দিক বিবেচনা করে আগামী ২০২৫ সালের মধ্যে ৫৫,০০০ (পঞ্চান্নো হাজার) এবং ২০৩১ সালের মধ্যে ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) তরুণ-তরুণীকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে কাজ করেছে। ২০৪১ সালের মধ্যে ৫,০০,০০০ (পাঁচ লক্ষ) জনকে প্রশিক্ষণ প্রদান করবে। ইতোমধ্যে (জুন, ২০২৩ সাল পর্যন্ত) ৩৫, ৩১৫ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইটি ইন্ডাস্ট্রি ও শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে সেতু-বন্ধন তৈরি করছে। দক্ষ মানবসম্পদ তৈরী নিশ্চিত এবং গবেষণার সুযোগ তৈরির জন্য দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে এপর্যন্ত মোট ৩৩টি বিশেষায়িত ল্যাব স্থাপন করেছে। আইটি খাতে মানবসম্পদের চাহিদার পরিপ্রেক্ষিতে যোগান নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ নাটোরে ১টি 'শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার' ও রাজশাহীতে ১টি 'শেখ কামাল আইটি ইনকিউবেটর এন্ড ট্রেনিং সেন্টার' স্থাপন করেছে। আরো ৪৫টি স্থানে 'শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার' স্থাপনের কাজ চলমান রয়েছে। আরো ৩২টি জেলায় শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার' স্থাপনের জন্য ডিপিপি প্রণয়ন করা হচ্ছে। নতুন উদ্যোক্তাগণ যাতে নতুন আইডিয়া বিকাশের মাধ্যমে সফল উদ্যোক্তা হয়ে উঠতে পারে সেজন্য চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শেখ কামাল আইটি বিজনেস ইনকিউবেটর এবং খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপন করা হয়েছে।

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ বিভিন্ন প্রকল্প বিশেষ করে সাপোর্ট টু ডেভেলপমেন্ট এবং অন্যান্য হাই-টেক পার্ক উন্নয়ন প্রকল্প ও শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপন প্রকল্পের মাধ্যমে নিম্নবর্ণিত প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে:

| ক্রমিক | ক্যাটাগরি/ ক্ষেত্র | সংখ্যা | | | উপকারভোগী (Target Group) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | নারী | পুরুষ | মোট | | |
| ১. | ই-গভর্নেন্স | ৪৮ | ১৫৩ | ২০১ | সরকারি কর্মকর্তা | পিপিপি এবং জোন ম্যানেজমেন্ট এর উপর দেশে ও দেশের বাইরে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| ২. | আইসিটি শিল্পে উন্নয়নে সহায়তা | ১০৮০০ | ২৫২০০ | ৩৬০০০ | আইটি / আইটিইএস সেক্টরে কর্মরত জনবল, ফ্রেশ গ্রাজুয়েট | আইটি /আইটিইএস বিষয়ক প্রশিক্ষণ<br>- ২৫জন সিও লেভেল কর্মকর্তাকে হংকং বিশ্ববিদ্যালয়ে<br>- ৯৮ জনকে ভারতের মহিসুরে অবস্থিত ইনফোসিস ক্যাম্পাসে প্রশিক্ষণ দেয়া হয়েছে।<br>- ১৪৪০ জন ভেন্ডর সার্টিফাইড হয়েছে।<br>২২০ জনকে Tenant Firm এর মানব সম্পদ উন্নয়নের জন্য |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| ৪. | নারীদের সক্ষমতা উন্নয়ন | ২৩৮০ | - | ২৩৮০ | যুব মহিলারা | Digital Marketing, E-Commerce, Laravel, 3D, etc |
| ৫. | প্রতিবন্ধী ব্যক্তিদের সক্ষমতা উন্নয়ন | ৫০ | ২০ | ৭০ | দৃষ্টি/ বাকপ্রতিবন্ধীদের প্রশিক্ষণ | |
| ৬. | ৪র্থ শিল্পবিপ্লব সংশ্লিষ্ট প্রযুক্তি ও সক্ষমতা | ২২৫ | ৭৫৩ | ৯৭৮ | আইটি / আইটিইএস সেক্টরে কর্মরত জনবল, ফ্রেশ গ্রাজুয়েট | IOT, AI, Python, Big Data with R-certification, ৫০ জনকে জাপানে প্রশিক্ষণ দেয়া হয়েছে এবং AR, VR, MR, AI, ML বিষয়ে ভারতে ৩০ জনকে ToT প্রশিক্ষণ এবং ০১ মাসব্যাপি ইন্টার্নশিপ প্রদান করা হয়েছে। |
| ৭. | উদ্যোক্তা উন্নয়ন (Entrepreneurship Development) | | | ৪০ | নতুন উদ্যোক্তা/স্টার্ট-আপ | |
| ৮. | আইটি/ আইটিইএস ট্রেনিং | ৩৫৪০ | ৭০৬০ | ১০৬০০ | এস.এস.সি পাস | Digital Marketing, Graphics Desing, Web Application |

## ১.১২ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর গুরুত্বপূর্ণ অর্জন

০১। ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন এবং উচ্চ প্রযুক্তি সম্পন্ন হাই-টেক পার্ক এর অবকাঠামো নির্মাণে গুরুত্বপূর্ণ অবদান রাখায় বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ WITSA GLOBAL ICT EXCELLENCE AWARDS -2019 পুরস্কার অর্জন করে। ইতোমধ্যে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ ২০১৯ সালে ISO-9001:2015 সনদ অর্জন করেছে।

০২। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী ১১টি হাই-টেক পার্ক/সফটওয়্যার টেকনোলজি পার্ক/শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার -এ ব্যবসায়িক কার্যক্রম পূর্ণোদ্যমে চলমান রয়েছে। দক্ষ মানবসম্পদ উন্নয়নের জন্য ৬৪ জেলায় শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপন করা হচ্ছে। বর্তমানে ৩৩টি জেলায় শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপনের জন্য ৩টি প্রকল্প অনুমোদিত হয়েছে। আরো ৩৪টি জেলায় শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপনের লক্ষ্যে প্রকল্প প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তদুপরি ভারতীয় ঋণ সহায়তায় ১২টি জেলায় আইটি/হাই-টেক পার্ক স্থাপনের কার্যক্রম চলমান।

০৩। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর মাধ্যমে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে বর্তমানে সর্বমোট ১০৯ টি (সরকারি-৯২টি ও বেসরকারি-১৭টি) স্থানে হাই-টেক পার্ক/সফটওয়্যার টেকনোলজি পার্ক/শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

০৪। এখন পর্যন্ত হাই-টেক পার্কসমূহে ২৩০টি প্রতিষ্ঠানকে স্পেস ও প্লট বরাদ্দ দেওয়া হয়েছে এবং ১৫১টি স্থানীয় স্টার্টআপ কোম্পানিকে বিনামূল্যে স্পেস/কো-ওয়ার্কিং স্পেস বরাদ্দ দেওয়া হয়েছে। সরকারি এবং বেসরকারি পার্কে ২৮,০০০ জনের অধিক প্রত্যক্ষ কর্মসংস্থান সৃষ্টি হয়েছে।

০৫। ১১৯ টি আইটি/আইটিইএস প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে Company Certification [CMMIL-III ও CMMIL-V (Capability Maturity Model Integration Level), ISO-৯০০১,২৭০০১ ইত্যাদি] প্রাপ্তিতে সহায়তা প্রদান করা হয়েছে।

০৬। ৪র্থ শিল্প বিপ্লবের প্রতিযোগিতা মোকাবেলায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আইওটি, রোবোটিক্স, সাইবার সিকিউরিটিসহ উচ্চপ্রযুক্তির ৩৩টি বিশেষায়িত ল্যাব স্থাপন করা হয়েছে। এছাড়া ইনোভেশন ইকোসিস্টেম গড়ে তোলার লক্ষ্যে খুলনা প্রকৌশল

ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২টি শেখ কামাল আইটি বিজনেস ইনকিউবেটর স্থাপন করা হয়েছে।

০৭। গবেষণা ও উন্নয়নের জন্য বিশ্বমানের পরিবেশ এবং ভবিষ্যতের জন্য দক্ষ মানবসম্পদ তৈরি করার লক্ষ্যে মাদারীপুরের শিবচরে "শেখ হাসিনা ইনস্টিটিউট অব ফ্রনটিয়ার টেকনোলজি" নামে বিশেষায়িত ইনস্টিটিউট প্রতিষ্ঠার কাজ শুরু হয়েছে।

০৮। আইটি ইন্ডাস্ট্রির জনবলের চাহিদা বিবেচনা করে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক ৩৫,৩১৫ জনকে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আরো ৪৫,০০০ জনকে প্রশিক্ষণ প্রদানের কাজ চলমান রয়েছে।

০৯। বিনিয়োগকারীগণকে দ্রুত ও সর্বোত্তম সেবা নিশ্চিত করতে অতি সহজে, অল্প সময়ে ও কম খরচে সেবা প্রদান করার লক্ষ্যে ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে মোট ১৪৮টি সেবা প্রদান করা হচ্ছে। এর মধ্যে ৪৩টি সেবা অনলাইনে প্রদান করা হচ্ছে।

১০। হাই-টেক পার্কসমূহে এখন পর্যন্ত মোট বিনিয়োগ হয়েছে ১, ১২, ৩৩৩.৩৮ মিলিয়ন টাকা। এর মধ্যে বিদেশি বিনিয়োগ ছিলো ৯, ৬৪০ মিলিয়ন টাকা।

## ১.১৩ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা/প্রতিশ্রুতি বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ

| প্রতিশ্রুতি/নির্দেশনা | প্রতিশ্রুতি/ নির্দেশনার তারিখ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| | | |
| গাজীপুর জেলার কালিয়াকৈর এ ২৩২ একর জমিতে একটি হাই-টেক পার্ক স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১৭.০৬.১৯৯৯ (বিনিয়োগ বোর্ডের ১২তম সভায়) | গাজীপুরের কালিয়াকৈর ৩৫৫ একর জমিতে 'বঙ্গবন্ধুহাই-টেকসিটি', স্থাপন করা হয়েছে। ৮৩টি হার্ডওয়্যার ও ম্যানুফেকচারিং কোম্পানীকে স্পেস/জমি বরাদ্দ প্রদান করা হয়েছে। |
| দেশের সুষম উন্নয়ন নিশ্চিতকল্পে যশোরে একটি সফটওয়্যার টেকনোলজি পার্ক স্থাপনের ঘোষণা দেন। | ২৭.১২.২০১০ (যশোর সফরকালে) | যশোর জেলায় ১২.১৩ একর জমির উপর শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক নির্মাণ করা হয়েছে। ৫৭ টি সফটওয়্যার ও বিপিও কোম্পনীকে স্পেস বরাদ্দ প্রদান করা হয়েছে। |
| দেশে সফটওয়্যার শিল্পের উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে কারওয়ানবাজারে অবস্থিত জনতা টাওয়ার কে সফটওয়্যার টেকনোলজি পার্কে রুপান্তরের ঘোষণা দেন। | ৩.০৮.২০১০(ডিজিটাল বাংলাদেশ টাস্ক ফোর্সের ১ম সভা) | ঢাকার কারওয়ান বাজারস্থ 'সফটওয়্যার টেকনোলজি পার্কে' ১৯টি আইটি/আইটিইএস কোম্পানী ব্যবসায় কার্যক্রম পরিচালনা করছে। |
| রাজশাহীতে একটি আইটি ভিলেজ স্থাপনের ঘোষণা দেন। | ২৪.১১.২০১১ (রাজশাহী জেলার মাদ্রাসা মাঠে বক্তব্য প্রদানের সময়) | রাজশাহী জেলার পবা উপজেলার নবীনগর মৌজায় ৩০.৬৭ একর জমিতে 'বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, রাজশাহী' নামে একটি হাই-টেক পার্ক স্থাপন করা হয়েছে এবং ১১টি প্রতিষ্ঠানকে স্পেস বরাদ্দ প্রদান করা হয়েছে এবং শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টারে ০৮ টি কোম্পানীকে স্পেস ভাড়া প্রদান করা হয়েছে। |
| আইসিটি ব্যবহারের মাধ্যমে ব্যাপক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে দেশের প্রতিটি বিভাগে হাই-টেক পার্ক স্থাপন করতে হবে এবং পরবর্তীতে প্রতিটি জেলায় পর্যায়ক্রমে হাই-টেক পার্ক স্থাপন করতে হবে। | ১৫.০৩.২০১৫ | বিভাগীয় শহরসহ জেলা/উপজেলা পর্যায়ে হাই-টেক পার্ক স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং নির্মান কাজ চলমান আছে। |
| নীলফামারী জেলায় বিজেএমসি' ররিজিউমকৃত জায়গায় হাই-টেক পার্ক স্থাপনের জন্য বিনামূল্যে জমি প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়ের সঙ্গে সভা করে উদ্ভুত সমস্যাটি নিরসনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক সম্মেলন-২০১৭ | গত ২৫/১১/২০২০ ইং তারিখে নীলফামারী জেলায় ২.০০ একর জমি অধিগ্রহণের জন্য পূর্ণাঙ্গ চূড়ান্ত প্রস্তাব জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়েছে। ২.০০ একর জমি অধিগ্রহণের কার্যক্রম সম্পন্ন হয়েছে। জেলা প্রশাসকের কার্যালয় হতে জমির মূল্য ৫.৪৯ কোটি টাকা পরিশোধের জন্য অনুরোধ জানানো হয়েছে। |

| প্রতিশ্রুতি/নির্দেশনা | প্রতিশ্রুতি/ নির্দেশনার তারিখ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| গত ২৯/০৩/২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী ঠাকুরগাঁও জেলা সফরকালে উক্ত জেলায় একটি আইটি পার্ক স্থাপনের প্রতিশ্রুতি প্রদান করেন। | ২৯/০৩/২০১৮ | শেখ কামাল আইটি ট্রেনিং এন্ড ইনকিউবেশন সেন্টার স্থাপনের লক্ষ্যে ঠাকুরগাঁও সদর উপজেলার শিংপাড়া মৌজায় ২.১৮ একর জমি দীর্ঘমেয়াদি বন্দোবস্ত প্রদানের জন্য জেলা প্রশাসক এর কার্যালয় হতে ১১ আগস্ট ২০২২ তারিখ ভূমি মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাবিত জমিতে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সার্ভে কার্যক্রম সম্পন্ন হয়েছে। গত ১৩/১০/২০২২ তারিখ পরিবেশগত অনাপত্তির জন্য চাহিত তথ্যাদি প্রেরন করা হয়েছে। |

### ১.১৪ মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা/প্রতিশ্রুতি বাস্তবায়নে গৃহীত পদক্ষেপ, ২০১৯-২০ অর্থবছরে বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত গুরুত্বপূর্ণ কার্যাবলির ছবি:



**বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, সিলেট এর ভিত্তিপ্রস্তর স্থাপন**



**বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, রাজশাহী এর ভিত্তিপ্রস্তর স্থাপন**




**শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক, যশোর এর উদ্বোধন**




**শেখ কামাল আইটি ইনকিউবেটর এন্ড ট্রেনিং সেন্টার, রাজশাহী এর উদ্বোধন**

### ১.১৫ ই-ফাইলিং বাস্তবায়ন

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সদর দপ্তরের দৈনন্দিন দাপ্তরিক প্রায় সকল কার্যক্রম ইতোপূর্বে ই-ফাইলিং সিস্টেমের মাধ্যমে সম্পাদন করা হতো। সম্প্রতি বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের কার্যক্রম ই-ফাইলের পরিবর্তে ডি-ফাইল সিস্টেমে পরিবর্তন করে নিষ্পন্ন করা হচ্ছে।

### ১.১৬ পুরস্কার ও সম্মাননা:

**১.১৬.১ WITSA 2019 আন্তর্জাতিক এওয়ার্ড অর্জন:** ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়ন এবং উচ্চ প্রযুক্তি সম্পন্ন হাই-টেক পার্ক এর অবকাঠামো নির্মাণে গুরুত্বপূর্ণ অবদান রাখায় বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ **WITSA GLOBAL ICT EXCELLENCE AWARDS -2019** পুরস্কার অর্জন করে। ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে এবং ICT সেক্টরের বিকাশে এটি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সম্মানজনক আন্তর্জাতিক স্বীকৃতি। আর্মেনিয়ার রাজধানী ইয়েরেভান-এ গত অক্টোবর, ২০১৯ এ অনুষ্ঠিত তথ্য প্রযুক্তির সবচেয়ে বড় সম্মেলন World Congress On Information Technology (WCIT) 2019-তে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষকে এই পুরস্কার তুলে দেওয়া হয়। ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে এবং ICT সেক্টরের বিকাশে এটি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সম্মানজনক আন্তর্জাতিক স্বীকৃতি।



**WITSA GLOBAL ICT EXCELLENCE AWARDS -2019**

## ২.০০ বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের সংক্ষিপ্ত বিবরণ

### ২.১ প্রকল্পের পরিচিতি:

| নাম | ‘‘বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, রাজশাহী’’ | |
|---|---|---|
| মেয়াদ | জুলাই,২০১৬ হতে ডিসেম্বর, ২০২৩ খ্রি: | |
| প্রাক্কলিত ব্যয় | অর্থের উৎস | পরিমাণ |
| | জিওবি | ৩৩৫৫০.৭৪ লক্ষ টাকা (২য় সংশোধিত) |

**(ক) লক্ষ্য ও উদ্দেশ্য:**

- রাজশাহীতে জ্ঞানভিত্তিক আইটি ইন্ডাস্ট্রি স্থাপন করা।
- দেশী বিদেশী বিনিয়োগকারীগণকে আকৃষ্টকরণের নিমিত্ত ব্যবসায়িক পরিবেশ সৃষ্টি করা।
- নতুন আইটি উদ্যোক্তাদের সুযোগ সৃষ্টি করে দেয়া।
- কর্মসংস্থানের সৃষ্টি করা।

**(খ) উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি:**

- প্রকল্প এলাকার অভ্যন্তরে অবস্থিত ৭৪২টি পরিবারকে জেলা প্রশাসন ও স্থানীয় জনপ্রতিনিধিগণের সহযোগিতায় অত্যন্ত সুষ্ঠু ও সুন্দরভাবে পুনর্বাসিত করা হয়েছে।
- ২টি বেজমেন্টসহ ১০-তলা বিশিষ্ট জয় সিলিকন টাওয়ার (মাল্টি পারপাস ভবন-এমপিবি)-এর নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। গত ১২ ডিসেম্বর, ২০২২ খ্রিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী জয় সিলিকন টাওয়ার-এর শুভ উদ্বোধন করেন।
- জয় সিলিকন টাওয়ার-এর ২য় তলায় বঙ্গবন্ধু ডিজিটাল মিউজিয়াম স্থাপিত হয়েছে। গত ১২ ডিসেম্বর, ২০২২ খ্রিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক বঙ্গবন্ধু ডিজিটাল মিউজিয়াম উদ্বোধনের পরে গত ১৩/০১/২০২৩ খ্রি. তারিখে এটি উন্মুক্ত করা হয়েছে।

- জয় সিলিকন টাওয়ার-এর অডিটোরিয়াম অংশের ৩য় তলায় সিনেপ্লেক্স স্থাপিত হয়েছে। গত ১২ ডিসেম্বর, ২০২২ খ্রিঃ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সিনেপ্লেক্সর- এর শুভ উদ্বোধন করেন। উদ্বোধনের পরে গত ১৩/০১/২০২৩ খ্রি. তারিখে তথ্য ও সম্প্রচার মন্ত্রী মহোদয় সিনেপ্লেক্সের শো উদ্বোধন করেছেন।
- জয় সিলিকন টাওয়ারের গ্রাউন্ডফ্লোর, ২য় তলা, ৩য় তলা, ৯ম তলা (স্টার্টআপ ফ্লোর), রুফটপ ও অডিটোরিয়াম-এর ইন্টেরিয়র ডেকোরেশন কাজের কার্পেট, পেইন্ট, ফিনিশিং সংক্রান্ত কাজসমূহ শেষ পর্যায়ে রয়েছে। স্টার্ট-আপ ফ্লোরের গ্লাস, ডেকো ও ফার্নিচার সংক্রান্ত কাজসমূহ সম্পন্ন হয়েছে।
- নেটওয়ার্কিং, সার্ভার মেশিনারি, ইকুইপমেন্টস, বিল্ডিং ম্যানেজমেন্ট সিস্টেম- সংক্রান্ত কাজের কেবল কানেকশন, নেটওয়ার্কিং, সিকিউরিটি রুম, সার্ভার রুম স্থাপন সংক্রান্ত কার্যক্রম কার্যক্রম সম্পন্ন হয়েছে। মসজিদ, ওয়াক-ওয়ে, সিকিউরিটি পোস্ট, ইনকিউবেশন সেন্টারে পানি সরবরাহ কাজের প্রায় ৯০% সম্পন্ন হয়েছে।
- প্রকল্প এলাকার সম্পূর্ণ এরিয়া লাইটিং এবং হাই-মাস পোল লাইট ও রিটেইনিং-ওয়াল লাইট সংক্রান্ত কাজের বৈদ্যুতিক সংযোগের কাজসমূহ সম্পন্ন হয়েছে। এরিয়া লাইটিং পোল, হাই-মাস পোল ও তৎসংশ্লিষ্ট লাইটসমূহ স্থাপিত হয়েছে।
- বাউন্ডারি-ওয়াল (ভূমি অধিগ্রহণ অংশে) গার্ড ব্যারাকের ২য় তলা, একটি প্রবেশ গেটসহ কন্ট্রোলরুম, সীমানা প্রাচীরে স্লোপ এরোসন ব্লক প্রোটেকশন সংক্রান্ত কাজের গার্ড ব্যারাকের ২য় তলা নির্মাণ সম্পন্ন হয়েছে। এছাড়াও, একটি প্রবেশ গেট নির্মাণের কন্ট্রোলরুম নির্মাণ সম্পন্ন রয়েছে। এরোসন ব্লক স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। ভূমি অধিগ্রহণ সম্পন্নের পরে সংশ্লিষ্ট অংশের বাউন্ডারি-ওয়াল নির্মাণ সম্পন্ন হবে। প্যাকেজের প্রায় ৭৫% কাজ সম্পন্ন হয়েছে।
- জয় সিলিকন টাওয়ারে HVAC সিস্টেম সরবরাহ ও সংস্থাপন কাজের উদ্যোক্তা ফ্লোরের জোনিং/বিভাজন অনুযায়ী HVAC System-এর ইনডোর-আউটডোর ইউনিট স্থাপন এবং তৎসংশ্লিষ্ট ডাক্টিং সংক্রান্ত কাজসমূহ সম্পন্ন হয়েছে। এ প্যাকেজের সকল কাজ সম্পন্ন হয়েছে।
- ০৪ (চার) টি প্যাসেঞ্জার লিফ্ট (Lift) স্থাপন সংক্রান্ত কাজ সম্পন্ন হয়েছে।
- প্রকল্পের ১০ এমভিএ, ৩৩/১১ কেভি সাব-স্টেশন নির্মাণ, মেশিনারি স্থাপন ও বৈদ্যুতিক সংযোগ সম্পন্ন হয়েছ।
- ২৫০০ কেভিএ, ১১/০.৪১৫ কেভি সাবস্টেশন নির্মাণ ও স্থাপনের কার্যক্রম সম্পন্ন হয়েছে।
- অভ্যন্তরীণ প্রশিক্ষণের আওতায় ১৪ লটের মাধ্যমে ২৮টি বিষয়ে প্রায় ১৩০০ জনকে প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে ২৬টি বিষয়ে প্রায় ১১৮০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।




জয় সিলিকন টাওয়ার এবং মাল্টি-পারপাস অডিটোরিয়াম কাম সিনেপ্লেক্স ভবন




প্রকল্পের মাস্টারপ্ল্যান (ত্রিমাত্রিক)




জয় সিলিকন টাওয়ার (মাল্টি পারপাস ভবন-এমপিবি)



জয় সিলিকন টাওয়ার (মাল্টি পারপাস ভবন-এমপিবি)



জয় সিলিকন টাওয়ারে ইন্টেরিয়র ডেকোরেশন, এসি, গ্লাস ফিটিং



২৫০০ কেভিএ, ১১/০.৪১৫ কেভি সাব-স্টেশন



অভ্যন্তরীণ রাস্তা, স্যুয়ারেজ ড্রেন, কমন ইউটিলিটি-ডাক্ট



প্রবেশ গেট




১০ এমভিএ, ৩৩/১১ কেভি গ্রিড সাব-স্টেশন



প্রকল্প এলাকায় বৃক্ষরোপণ

## ২.২ প্রকল্প পরিচিতি:

| | |
|---|---|
| নাম | ‘বঙ্গবন্ধু শেখ মুজিব হাই-টেক পার্ক, সিলেট, এর প্রাথমিক অবকাঠামো নির্মাণ (২য় সংশোধিত)’ শীর্ষক প্রকল্প। |
| মেয়াদ | ০১-০১-২০১৬ হতে ৩০-০৬-২০২৩ইং |
| প্রাক্কলিত ব্যয় | অর্থের উৎস জিওবিঃ ৩৩৬৪২.৪৯ লক্ষ টাকা । |

**(ক) লক্ষ্য ও উদ্দেশ্য:**

- হাই-টেক পার্ক/ইলেকট্রনিক্স সিটির সহায়ক প্রাথমিক অবকাঠামো নির্মাণ;
- বিশ্বমানের বিনিয়োগ পরিবেশ এবং সুযোগ সুবিধাদি সৃষ্টির মাধ্যমে দেশি-বিদেশি আন্তর্জাতিক পর্যায়ের আইটি/আইটিএস প্রতিষ্ঠান এবং ডেভেলপার প্রতিষ্ঠানকে পার্কে আকৃষ্টকরণ;
- আইসিটি পেশাজীবীদের জন্য চাকুরীর ক্ষেত্র তৈরী করা
- ডিজিটাল বাংলাদেশ-ভিশন ২০২১ বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ।
- দক্ষ জনবল তৈরি করা পঞ্চাশ হাজার (৫০,০০০) কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা;

**(খ) উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি:**

- সাইট উন্নয়ন কাজ (বালু দ্বারা) ১০০% সম্পন্ন করা হয়েছে।
- বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ কাজ (মাটি দ্বারা) ১০০% সম্পন্ন করা হয়েছে।
- ইন্টারনাল লেক কাম ওয়াটার রিটেশন পন্ড নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- টো-ওয়াল নির্মাণ কাজ ১০০% সম্পন্ন হয়েছে।
- আইটি বিজনেস সেন্টার (প্রশাসনিক ভবন) নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- আর.সি.সি ব্রিজ নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- গেইট হাউজ নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- ৩৩/১১ কেভিএ বৈদ্যুতিক সাব-স্টেশন নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- ডিপ টিউবওয়েল, পানি সরবরাহ সিস্টেম ও পানির পাম্প নির্মাণ কাজ ১০০% সম্পন্ন হয়েছে।
- ইউটিলিটি ভবন নির্মাণ নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- বৈদ্যুতিক সংযোগ সিলেট থেকে প্রকল্প এলাকা (৩০ কি.মি.) নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- সুয়্যারেজ সিস্টেম নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- ফেঞ্চ অ্যারাউন্ড দা এডমিন বিল্ডিং নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- বঙ্গবন্ধু স্মৃতি অঙ্গন নির্মাণ কাজ ১০০% সম্পন্ করা হয়েছে।
- আনসার ব্যারাক নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- ড্রেনেজ সিস্টেম (পাইপ ও পিট) নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- ইরোশন কন্ট্রোল ব্লক নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- সার্ভিস ডাক্ট নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- গ্যাস সংযোগ স্থাপন (৩০ কি.মি.) ১০০% নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে।
- স্টার্ট-আপ কাম এডমিন বিল্ডিং ১০০% কাজ সম্পন্ন করা হয়েছে।
- পানি সরবরাহ লাইন নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- প্রধান রাস্তা (১৫ মিটার প্রস্থ এবং ১৬৫০ মিটার দৈর্ঘ্য ও ৯ মিটার প্রস্থ এবং ১০৮০ মিটার দৈর্ঘ্য) নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- কালভার্ট কাম স্লুইচ গেইট নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- ঘাট কাম স্লোপ প্রোটেকশন ( প্রস্থ ১৫.১৬ মি.) নির্মাণ কাজ ১০০% সম্পন্ন করা হয়েছে।
- প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি: ৯৫.৬৭% এবং বাস্তব অগ্রগতি: ৯৯.৫০%।



বঙ্গাবন্ধু স্মৃতি অঙ্গান




বঙ্গাবন্ধু স্মৃতি অঙ্গান



আইটি বিজনেস সেন্টার (প্রশাসনিক ভবন)




গেইট



ব্রিজ



ভুমি উন্নয়ন



সাব-স্টেশন ভবন



**গ্যাস সংযোগ**




**আনসার ব্যারাক**



ডিপ-টিউবওয়েল



ইউটিলিটি ভবন

## ২.৩ প্রকল্পের পরিচিতি:

| | | |
|---|---|---|
| নাম | "শেখ কামাল আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টার স্থাপন (২য় সংশোধিত)" প্রকল্প। | |
| মেয়াদ | জানুয়ারি ২০১৭-ডিসেম্বর ২০২৩ | |
| প্রাক্কলিত ব্যয় | অর্থের উৎস | পরিমান |
| | জিওবি | ৫৩৩.৫৪ (কোটি টাকা) |

### (ক) লক্ষ্য ও উদ্দেশ্য:

- এস.এস.সি ও এইচ.এস.সি পর্যায়ে ছাত্র-ছাত্রীদের আইটিতে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলার মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন।
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে উদ্যোক্তা তৈরিতে সহায়তা করা।
- একাডেমিয়া এবং আইটি ইন্ডাস্ট্রির মধ্যে সেতুবন্ধন প্রতিষ্ঠা করা।
- আইটি/আইটিইএস সম্পর্কিত খাতে বাংলাদেশের যুব সমাজের আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

### (খ) উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি:

- অবকাঠামোগত অগ্রগতি: বরিশাল, মাগুরা, সিলেট, কুমিল্লা, নেত্রকোণা ও নাটোর জেলার ৬ তলার অবকাঠামোগত কাজ সম্পন্ন হয়েছে, বর্তমানে ফিনিশিং এর কাজ চলমান। রংপুর জেলার ৫ম তলার ঢালায় এর কাজ সম্পন্ন হয়েছে ও চট্টগ্রাম জেলার ৩য় তলার ঢালায় এর কাজ সম্পন্ন হয়েছে।
  - প্রশিক্ষণ বিষয়ে অগ্রগতি: ১৬০০০ জনের মধ্যে ইতোমধ্যে ১০৬০০ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। বাকি ৫৪০০ জনের প্রশিক্ষণ প্রদানের জন্য ইওআই মূল্যায়নের কাজ চলমান আছে।



বরিশালে নির্মিত ভবন



মাগুরায় নির্মিতব্য ভবন




সিলেটে নির্মিতব্য ভবন



কুমিল্লায় নির্মিতব্য ভবন




নাটোরে নির্মিতব্য ভবন



নেত্রকোনায় নির্মিতব্য ভবন





রংপুরে নির্মিতব্য ভবন

চট্টগ্রামে নির্মিতব্য ভবন

## ২.৪ প্রকল্পের পরিচিতি:

| | | |
|---|---|---|
| নাম | “জেলা পর্যায়ে আইটি/হাই-টেক পার্ক স্থাপন (১২ টি জেলায়) (১ম সংশোধিত)” প্রকল্প | |
| মেয়াদ | ১ম সংশোধিতঃ জুলাই, ২০১৭ হতে জুন, ২০২৪ খ্রিঃ। | |
| প্রাক্কলিত ব্যয় | অর্থের উৎস (ভারতীয় ২য় ঋণ চুক্তি) | পরিমাণ |
| | মোট | ১৮৪৬০৯.০০ লক্ষ টাকা |
| | জিওবি | ৩০২০৯.০০ লক্ষ টাকা |
| | প্রকল্প সাহায্য (ডিপিএ) | ১৫৪৪০০.০০ লক্ষ টাকা / ১৯৩ মিলিয়ন ইউএস ডলার |

### (ক) লক্ষ্য ও উদ্দেশ্য:

- আইটি পার্কের অবকাঠামো স্থাপন।
- মানব সম্পদ উন্নয়ন।
- বাংলাদেশের আইটি/ আইটিইএস শিল্পের বিকাশ ও উন্নয়নের জন্য স্থানীয় ও বৈদেশিক কোম্পানিকে আকৃষ্টকরণ।
- আইটি আইটিইএস/বিজনেস প্রোসেস আউটসোর্সিং (বিপিও) হাব তৈরি এবং কর্মসংস্থান সৃষ্টি।

### (খ) প্রকল্পের আওতায় নির্মিতব্য স্থাপনাসমূহঃ

- ৮ টি জেলায় ৭ তলা বিশিষ্ট ও ৪ টি জেলায় ৫ তলা বিশিষ্ট মাল্টিটেনেন্ট ভবন নির্মাণ (স্টিল স্ট্রাকচার),
- ৩টি জেলায় (নাটোর, রংপুর ও কক্সবাজার) ৩ তলা বিশিষ্ট ডরমিটরি ভবন (আরসিসি স্ট্রাকচার) নির্মাণ,
- ৬টি জেলায় (নাটোর, রংপুর, গোপালগঞ্জ, চট্টগ্রাম, খুলনা ও ঢাকা) সিনেপ্লেক্স ভবন নির্মাণ ।

প্রকল্পের আওতায় মোট ১২টি জেলায় আইটি/হাই-টেক পার্ক স্থাপন করা হবে। জেলাসমূহ হচ্ছে রংপুর (সদর), নাটোর (সিংড়া), খুলনা, বরিশাল, গোপালগঞ্জ (বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়), ঢাকা (ঝিলমিল আবাসিক এলাকা, কেরাণীগঞ্জ), ময়মনসিংহ, জামালপুর, কুমিল্লা (সদর দক্ষিণ), চট্টগ্রাম, কক্সবাজার (রামু) ও সিলেট (কোম্পানীগঞ্জ)।

WD-A ও WD-B এর মূল্যায়ন কাজ শেষ করে কার্যাদেশ প্রদান করা হয়েছে। WD-A ও WD-B এর প্যাকেজভুক্ত জেলা গুলিতে উদ্বোধন ও নির্মাণ কাজ পুরোদমে শুরু হয়েছে।

| জেলা সমূহ | ‘আইটি/হাই-টেক পার্ক’ এর ভিত্তিপ্রস্তর স্থাপনের তারিখ |
|---|---|
| ‘আইটি/হাই-টেক পার্ক, ঢাকা (কেরানীগঞ্জ), | ১২/০৪/২০২২ খ্রি: |
| ‘ড. এম এ ওয়াজেদ মিয়া হাই-টেক পার্ক, রংপুর’ | ২৬/০৫/২০২২ খ্রি: |
| ‘আইটি/হাই-টেক পার্ক, খুলনা’ | ১৪/০৬/২০২২ খ্রি: |
| ‘আইটি/হাই-টেক পার্ক, বরিশাল’ | ১৬/০৬/২০২২ খ্রি: |
| ‘আইটি/হাই-টেক পার্ক, ময়মনসিংহ’ | ২২/০৬/২০২২ খ্রি: |
| ‘আইটি/হাই-টেক পার্ক, জামালপুর’ | ০২/০৭/২০২২ খ্রি: |
| ‘আইটি/হাই-টেক পার্ক, নাটোর (সিংড়া)’ | ২৪/০৭/২০২২ খ্রি: |
| ‘আইটি/হাই-টেক পার্ক, কক্সবাজার (রামু)’ | ১৬/০৭/২০২২ খ্রি. |
| বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় নলেজ পার্ক, গোপালগঞ্জ | ১৮/০৩/২০২৩ খ্রি: |

❖ প্রকল্পের প্যাকেজ নম্বর WD-C (চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, সিলেট) দরপত্রের কারিগরি মূল্যায়ন এ আর্থিক মূল্যায়ন সম্পন্ন হয়েছে । প্রকল্পের প্রকল্প সাহায্য খাতে প্রয়োজনীয় অর্থে সংস্থান না থাকায় প্রকল্পের আওতায় অতিরিক্ত ৫৫ মিলিয়ন ডলার (USD) বরাদ্দ চেয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের মাধ্যমে ভারতীয় হাই-কমিশন, ঢাকা এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান Exim Bank of India-তে পত্র প্রেরণ করা হয়। প্রকল্প সাহায্য খাতে অতিরিক্ত ৫৫ মিলিয়ন ডলার (USD) বরাদ্দ প্রদানের বিষয়ে ভারতীয় হাই-কমিশন, ঢাকা এবং অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সম্মতিপত্র এবং গত ১৫/০৩/২০২৩ খ্রি. তারিখে Exim Bank of India-এর সম্মতি পাওয়া গেছে।

❖ প্রকল্পের প্যাকেজ নম্বর: WD-C (চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, সিলেট)-এর দরপত্র অনুমোদনের জন্য সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিজিপি)-তে প্রেরণের লক্ষ্যে গত ২৪/০৪/২০২৩ খ্রি. তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে ক্রয় প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে থেকে ২৩/০৫/২০২৩ খ্রি. তারিখে সিসিজিপিতে প্রেরণ করা হয়েছে। ০৭/০৬/২০২৩ খ্রি. তারিখে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি (সিসিজিপি)-এর সভায় দরপত্র অনুমোদিত হয়েছে।

❖ ৩ তলা বিশিষ্ট ডরমিটরি ভবন (আরসিসি স্ট্রাকচার)- নাটোর এবং রংপুর ও সিনেপ্লেক্স ভবন নির্মাণ- নাটোর, রংপুর, ও ঢাকা এর নির্মাণের জন্য ই-জিপিতে আহবানকৃত দরপত্রসমূহের মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করে কার্যাদেশ প্রদান করা হয়েছে। নির্মাণ কাজ চলমান রয়েছে।



কক্সবাজার জেলায় ১৬/০৭/২০২২ তারিখ ভিত্তিপ্রস্তর স্থাপন



খুলনা জেলায় ১৪/০৭/২০২২ তারিখ ভিত্তিপ্রস্তর স্থাপন



জামালপুর জেলায় ০২/০৭/২০২২ তারিখ ভিত্তিপ্রস্তর স্থাপন



ঢাকা জেলায় ১২/০৪/২০২২ তারিখ ভিত্তিপ্রস্তর স্থাপন করেন



নাটোর জেলায় ২৪/০৭/২০২২ তারিখ ভিত্তিপ্রস্তর স্থাপন



বরিশাল জেলায় ১৬/০৬/২০২২ তারিখ ভিত্তিপ্রস্তর স্থাপন



ময়মনসিংহ জেলায় ২২/০৬/২০২২ তারিখ ভিত্তিপ্রস্তর স্থাপন।



রংপুর জেলায় ২৬/০৫/২০২২ তারিখ ভিত্তিপ্রস্তর স্থাপন

## ২.৫ প্রকল্পের পরিচিতি:

<table>
<tr><td>নাম</td><td>“বঙ্গবন্ধু হাই-টেক সিটি-২ এর সহায়ক অবকাঠামো নির্মাণ (১ম সংশোধিত)” প্রকল্প।</td></tr>
<tr><td>মেয়াদ</td><td>জুলাই ২০১৯ -ডিসেম্বর ২০২৩</td></tr>
<tr><td>প্রাক্কলিত ব্যয়</td><td><table><tr><td>অর্থের উৎস</td><td>পরিমান</td></tr><tr><td>জিওবি</td><td>৩৮৪.৯৩ (কোটি টাকা)</td></tr></table></td></tr>
</table>

### (ক) লক্ষ্য ও উদ্দেশ্য:

- কালিয়াকৈরস্থ বঙ্গবন্ধু হাই-টেক সিটি-২ এর জমিতে হাই-টেক শিল্প গড়ে তোলার লক্ষ্যে সহায়ক প্রাথমিক অবকাঠামো যেমন অভ্যন্তরীণ রাস্তা,ভূমি উন্নয়ন, বিদ্যুৎ, ইন্টারনেট এবং গ্যাস সংযোগ ইত্যাদি অবকাঠামো নির্মাণ।
- দেশী/ বিদেশী প্রতিষ্ঠানকে বিনিয়োগে আকৃষ্ট করা।
- কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

### (খ) উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি:

- ভূমি উন্নয়ন কাজের বর্তমান অগ্রগতি ৯৯%।
- সেবা ভবন নির্মাণ কাজের বর্তমান অগ্রগতি ৭০%।
- ৩৩/১১ কেভিএ সাব-ষ্টেশন-২ নির্মাণের কাজের বর্তমান অগ্রগতি ৯৯%।
- অভ্যন্তরীন ড্রেনেজ ব্যবস্থা ও ওয়াকওয়ে এবং ইউটিলিটি ডাক্ট নির্মাণ কাজের বর্তমান অগ্রগতি প্রায় ৯৯%।
- রেল লাইনের দুই পার্শ্বে বাউন্ডারি ও প্রটেকশন ওয়াল নির্মাণ অগ্রগতি ১০০%।
- অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ কাজের বর্তমান অগ্রগতি-8৫%।
- ব্লক ১ হতে ব্লক ৫ পর্যন্ত HT cable স্থাপন ১০০%।
- ১০ তলা বিশিষ্ট ডরমেটরি ভবন নির্মাণ কাজের বর্তমান ২০%।
- ৭০ মিটার ব্রিজ নির্মাণ কাজের বর্তমান অগ্রগতি ৪৫%।
- ফুট ওভার ব্রিজ নির্মাণ কাজের বর্তমান অগ্রগতি ২০%।
- ৩ তলা বিশিষ্ট আনসার ব্যারাক নির্মাণ কাজের বর্তমান অগ্রগতি ২৫%।
- ইন্টেরিয়র ডিজাইন এন্ড ডেকোরেশন অফ কনফারেন্স রুম কাজের বর্তমান অগ্রগতি ৯৯%।
- লেক উন্নয়ন (৯৭ একর) কাজের বর্তমান অগ্রগতি ৪০%।
- গেইট হাউজ নির্মাণ কাজের বর্তমান অগ্রগতি ২৫%।
- সাব-স্টেশন-৩ কাজের বর্তমান অগ্রগতি ১০%
- লেক উন্নয়ন (ব্লক-২,৩,৪ এবং ৪-এ কাজের বর্তমান অগ্রগতি ৪৫%।



প্রকল্পের ভুমি উন্নয়ন



অভ্যন্তরীন রাস্তা নির্মাণ




অভ্যন্তরীন ড্রেনেজ ব্যবস্থা



সেবা ভবন নির্মাণ




৩৩/১১ কেভি সাব-স্টেশন নির্মাণ



রেল লাইনের দুই পার্শ্বে বাউন্ডারি ও প্রটেকশন ওয়াল নির্মাণ



ডরমেটরি ভবন নির্মাণের চলমান কাজ সমূহ




৭০ মিটার প্রি-স্ট্রেজড ব্রিজ নির্মাণ

| | |
|---|---|
|  |  |
| ফুটওভার ব্রিজ নির্মাণ | ৩ তলা বিশিষ্ট আনসার ব্যারাক নির্মাণ |
|  |  |
| ইন্টেরিয়র ডিজাইন এন্ড ডেকোরেশন অফ কনফারেন্স রুম | লেক উন্নয়ন (৯৭ একর)। |



গেইট হাউজ নির্মাণ



সাব-স্টেশন-৩



লেক উন্নয়ন (ব্লক-২,৩,৪ এবং ৪-এ)

## ২.৬ প্রকল্পের পরিচিতি:

| নাম | "শেখ কামাল আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টার স্থাপন (১১টি)" শীর্ষক প্রকল্প | |
|---|---|---|
| মেয়াদ | জুলাই ২০২০ থেকে জুন ২০২৫ পর্যন্ত | |
| প্রাক্কলিত ব্যয় | **আর্থিক উৎস** | **পরিমাণ** |
| | জিওবি | ৭৯৮.৯১৪৭ কোটি টাকা |

### (ক) লক্ষ্য ও উদ্দেশ্য

- ন্যূনতম এস.এস.সি/সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের আইটিতে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা;
- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে উদ্যোক্তা তৈরিতে সহায়তা করা;
- স্টার্ট-আপদের সহায়তা প্রদান;
- আইটি/আইটি সেক্টরে যুব সমাজের আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে সহায়তা করা।

### (খ) প্রকল্পের মূল কম্পোনেন্ট

- ১০ (দশ) তলা ফাউন্ডেশন বিশিষ্ট ইনকিউবেশন ভবন নির্মাণ- ১টি ৮০,০০০ বর্গফুট (প্রতি ফ্লোর ৮০০০ বর্গফুট)
- ৬ (ছয়) তলা ফাউন্ডেশন বিশিষ্ট ইনকিউবেশন ভবন নির্মাণ- ৮টি, প্রতিটি ৪৮,০০০ বর্গফুট (প্রতি ফ্লোর ৮০০০ বর্গফুট)
- ৪ (চার) তলা ফাউন্ডেশন বিশিষ্ট ইনকিউবেশন ভবন নির্মাণ- ১টি, ২৪,০০০ বর্গফুট (প্রতি ফ্লোর ৬০০০ বর্গফুট)
- ৩ (তিন) তলা ফাউন্ডেশন বিশিষ্ট ইনকিউবেশন ভবন নির্মাণ- ১টি ৪৮,০০০ বর্গফুট (প্রতি ফ্লোর ১৬০০০ বর্গফুট)
- মোটঃ ৫৩৬০০০ বর্গফুট।
- অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ-৪৮৯৫৪.৫৪ বর্গমিটার;
- নলকূপ স্থাপনসহ অভ্যন্তরীণ পানি সরবরাহ ব্যবস্থা, অভ্যন্তরীন ড্রেনেজ ব্যবস্থা ও ওয়াকওয়ে এবং ইউটিলিটি ডাক্ট, সীমানা প্রাচীর (১০১৮০.৩৭ মিঃ), গেইট হাউজ নির্মাণ, অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ, ইন্টেরিয়র ডেকোরেশন, প্লান্টেশন, ল্যান্ড স্কেপিং ইত্যাদি।





শেখ কামাল আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টার এর স্কিমেটিক ডিজাইন



কিশোরগঞ্জ জেলায় ৩০/০৩/২০২২ তারিখে মহামান্য রাষ্ট্রপতি ভিত্তিপ্রস্তর স্থাপন



শেখ কামাল আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টার এর স্কিমেটিক ডিজাইন



সিরাজগঞ্জ জেলায় ২১/০৪/২০২২ তারিখে ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়



নারায়ণগঞ্জ জেলায় ২৪/০৪/২০২২ তারিখে ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়



মতলব দক্ষিণ, চাঁদপুর ১২/০২/২০২২ তারিখে ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়




দিনাজপুর জেলায় ৩১/০৫/২০২২ তারিখে ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়




মেহেরপুর জেলায় ০১/১১/২০২১ তারিখে ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়



বান্দরবান জেলায় ০৫/০৩/২০২২ তারিখে ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়



শেখ কামাল আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেটার এর স্কিমেটিক ডিজাইন

## ২.৭ প্রকল্পের পরিচিতি:

| নাম | বাংলাদেশ ভারত ডিজিটাল পরিষেবা ও কর্মসংস্থান প্রশিক্ষণ (বিডিসেট) কেন্দ্র শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প |
|---|---|
| মেয়াদ | জানুয়ারী, ২০২১ থেকে ডিসেম্বর, ২০২৩ |
| প্রাক্কলিত ব্যয় | অর্থের উৎস: পরিমান<br>জিওবি: ৩৬০২.৫৯ লক্ষ টাকা<br>ভারতীয় অনুদান: ২৫০০.০০ লক্ষ টাকা।<br>মোট: ৬১০২.৫৯ লক্ষ টাকা |

| অর্থের উৎস | পরিমান |
|---|---|
| জিওবি | ৩৬০২.৫৯ লক্ষ টাকা |
| ভারতীয় অনুদান | ২৫০০.০০ লক্ষ টাকা। |
| মোট | ৬১০২.৫৯ লক্ষ টাকা |

### (ক) লক্ষ্য ও উদ্দেশ্য:

- বাংলাদেশ হাই-টেক পার্কের বিদ্যমান অবকাঠামোতে বাংলাদেশ-ভারত ডিজিটাল সেবা ও কর্মসংস্থান প্রশিক্ষণ (বিডিসেট) কেন্দ্র স্থাপন;
- তথ্য প্রযুক্তি ক্ষেত্রে ইমার্জিং টুলস এন্ড টেকনোলজি সম্পর্কিত বিষয়ে বাংলাদেশী ৩০ জন স্নাতকের ভারতে ০৬ মাসের ToT প্রশিক্ষণ সম্পন্ন করা;
- তথ্য প্রযুক্তি ক্ষেত্রে ইমার্জিং টুলস এন্ড টেকনোলজি সম্পর্কিত বিষয়ে বাংলাদেশে ২৪০০ জনের প্রফেশনাল প্রশিক্ষণ প্রদান;
- আইটি / আইটিইএস সেক্টরে উদ্যোক্তা তৈরি করা।

### (খ) উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি:

- **ডেকোরেশন এবং গ্লাস পার্টিশন সংক্রান্ত কাজঃ** Decoration এর কাজ সম্পন্ন হয়েছে এবং কাজ বুঝে নেওয়ার হয়েছে।
- **Supply, Installation and commissioning of ICT Equipment and related items at 06 Center related works**: ভারতীয় ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক চুক্তিকৃত ICT Equipment সরবরাহের জন্য প্রস্তুত রয়েছে কিন্তু GoB অংশের সিডি/এসডি/ভ্যাট/আয়কর খাতে (কোড-৩৮২১১০৪) অর্থ বরাদ্দ না থাকায় ICT Equipment গ্রহণ করা সম্ভব হচ্ছে না।
- **Training of Trainers (ToT) for 30 nos. person in India for 6 months with 1-month internship Related works**: ৩০ জন ToT প্রশিক্ষণার্থীকে AR, VR, XR, MR এবং AI, ML, DL বিষয়ের উপর Indian Institute of Technology, Kharagpur ও Indian Institute of Technology Guwahati-তে ৬ (ছয়) মাস মেয়াদী প্রশিক্ষণ এবং ১ মাস মেয়াদী ইন্টার্নশিপ প্রদান করা হয়েছে। গত ১৬ জানুয়ারি ২০২৩ খ্রি: তারিখে ৭ মাস ব্যাপী প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে।
- **ফার্নিচার সংক্রান্ত কাজঃ** ফার্নিচার সরবরাহ সম্পন্ন হয়েছে।
- **স্থানীয় প্রশিক্ষণঃ** Local Training Package 1.a & 1.b কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে। Local Training Package 1.c এর EoI এর পুনঃমূল্যায়ন এর কার্যক্রম চলমান রয়েছে।
- **Electrical and other required networking Works:** Electrical and other required networking Works সংক্রান্ত কাজের মধ্যে Electrical এর কাজ শেষ হয়েছে। Networking এর কাজ চলমান আছে।
- **Machinery & other Equipment**: Machinery & other Equipment সংক্রান্তের টেন্ডারের BOQ প্রস্তুতির কাজ চলমান আছে।

## ২.৮ প্রকল্পের পরিচিতি:

| | | |
|---|---|---|
| নাম | ডিজিটাল উদ্যোক্তা এবং উদ্ভাবন ইকো-সিস্টেম উন্নয়ন প্রকল্প | |
| মেয়াদ | ০১/০১/২০২১ হতে ৩১/১২/২০২৫ খ্রি: | |
| প্রাক্কলিতব্যয় | **আর্থিক উৎস** | **পরিমাণ** |
| | জিওবি | ৯৮.০৬ কোটি টাকা |
| | প্রকল্প সাহায্য | ২৫৫ কোটি টাকা |
| | **মোট** | **৩৫৩.০৬ কোটি টাকা** |

### (ক) লক্ষ্য ও উদ্দেশ্য:

- ঢাকার কাওরান বাজারে ভিশন-২০২১ টাওয়ার-২ নামীয় পরিবেশ বান্ধব টেকসই অবকাঠামোসহ একটি সফটওয়্যার পার্ক তৈরী;
- সফটওয়্যার টেকনোলজি পার্কসমূহের বিদ্যমান স্টার্ট আপ ও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে তৈরী ইনোভেশন হাবে ইনোভেশন সম্পর্কিত কার্যক্রমের পরিবেশ উন্নয়ন এবং কার্যকর ইকো-সিস্টেম তৈরী;
- স্টার্ট আপ- গবেষক, ছাত্র-ছাত্রী এবং বিভিন্ন প্রতিষ্ঠানের ব্যবহারের জন্য কমন ফ্যাসিলিটিজ তৈরী;
- স্টার্ট আপ এবং ক্ষুদ্র ও মাঝারী প্রতিষ্ঠানগুলোর মার্কেটে প্রবেশের হার বৃদ্ধিকরণ; এবং
- জেন্ডার ইনক্লুসিভ এন্টারপ্রেনরশিপ সংস্কৃতি তৈরীর মাধ্যমে ডিজিটাল অর্থনীতির গতি বৃদ্ধি।

### (খ) উল্লেখযোগ্য কাযক্রম ও বাস্তবায়ন অগ্রগতি

- **ভিশন ২০৪১ স্মার্ট টাওয়ার নির্মাণ**

ভিশন ২০৪১ স্মার্ট টাওয়ার এর নির্মাণ, সুপারভিশন এবং ভিশন ২০২১ টাওয়ার এর রিনোভেশন ও আপগ্রেডেশন করার জন্য বিস্তারিত Study করার লক্ষ্যে DCON-KCE-JV নামে একটি ফার্ম নিয়োগ দেওয়া হয়েছে। বিভিন্ন সরকারী সংস্থার মতামত গ্রহণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ভিশন ২০৪১ স্মার্ট টাওয়ার নির্মাণের জন্য দরপত্র আহবান করা হয়। দরপত্র মূল্যায়ন সমাপ্ত হয়েছে। ক্রয় প্রস্তাবটি সিসিজিপি'র অনুমোদনের জন্য অপেক্ষাধীন।

- **বিশ্ববিদ্যালয় ভিত্তিক ইনোভেশন হাব স্থাপন (ডিপিপি সংস্থান ৭টি)**

প্রকল্পের ডিপিপিতে ৭টি ইউনিভার্সিটি ইনোভেশন হাব স্থাপনের সংস্থান রয়েছে। ইতোমধ্যে ইউনাইটেড ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয়, ঢাকা এবং রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজশাহীতে ইউনিভার্সিটি ইনোভেশন হাব স্থাপনের কাজ শেষ পর্যায়ে রয়েছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ইউনিভার্সিটি ইনোভেশন হাব স্থাপনের কাজ চলমান। শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেটে ইউনিভার্সিটি ইনোভেশন হাব স্থাপনের দরপত্র মূল্যায়ন সম্পন্ন হয়েছে।বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে এবং খুলনা বিশ্ববিদ্যালয়ে ইউনিভার্সিটি ইনোভেশন হাব স্থাপনের জন্য প্রাপ্ত ডিজাইন ও BoQ পরীক্ষা নিরীক্ষা চলমান। ব্রাক বিশ্ববিদ্যালয়ে ইউনিভার্সিটি ইনোভেশন হাব স্থাপনের জন্য স্পেস ও ডিজাইন নির্ধারণ করা হচ্ছে। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সুপারিশ ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইনেভেশন হাব স্থাপনের জন্য বিশ্ববিদ্যালয়গুলো নির্বাচন করা হয়েছে।

- **প্রশিক্ষণ কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি**

প্রকল্পের আওতায় ঢাকা, খুলনা, যশোর, রাজশাহী ও চট্টগ্রামে বিভিন্ন হাই-টেক পার্ক/সফটওয়্যার টেকনোলজি পার্কে বিনিয়োগকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা/ কর্মচারীদের জন্য আয়োজিত টেন্যান্ট ট্রেনিং প্রোগ্রামের আওতায় ৬ টি বিষয়ে ১১ টি ব্যাচে ২২০ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। Training for women, Training on Soft skill, Training for Scaling of IT Skill এবং Training for people with disabilities এর ফার্ম নির্বাচনের জন্য প্রাপ্ত EoI মূল্যায়ন চলমান।

## ২.৯ প্রকল্পের পরিচিতি:

<table>
<tr><td>নাম</td><td colspan="2">“শেখ কামাল আইটি ট্রেনিং ও ইনকিউবেশন সেন্টার স্থাপন (১৪টি)” প্রকল্প</td></tr>
<tr><td>মেয়াদ</td><td colspan="2">জুলাই ২০২২-জুন ২০২৭</td></tr>
<tr><td rowspan="2">প্রাক্কলিত ব্যয়</td><td>অর্থের উৎস</td><td>পরিমান</td></tr>
<tr><td>জিওবি</td><td>১১১৪৬২.৭৬ (লক্ষ টাকা)</td></tr>
</table>

### (ক) লক্ষ্য ও উদ্দেশ্য:

* ন্যূনতম এস.এস.সি/ সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রীদের আইটি/আইটিইএস এ দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা;
* তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে উদ্যোক্তা তৈরিতে সহায়তা করা;
* স্টার্ট-আপদের সহায়তা প্রদান;
* আইটি/আইটিইএস সেক্টরে যুব সমাজের আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিতে সহায়তা করা।

### (খ) উল্লেখযোগ্য কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি:

<table>
<tr><th>জেলা</th><th>উপজেলা</th><th>অগ্রগতি</th></tr>
<tr><td>হবিগঞ্জ</td><td>সদর (৭.১২ একর)</td><td>জমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে</td></tr>
<tr><td>সুনামগঞ্জ</td><td>সদর (২.৭৩ একর)</td><td>জমি অধিগ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে</td></tr>
<tr><td>নড়াইল</td><td>সদর (৪.৭৭ একর)</td><td rowspan="2">জমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে।</td></tr>
<tr><td>ঢাকা</td><td>নবাবগঞ্জ (৪.০০ একর)</td></tr>
<tr><td>টাঙ্গাইল</td><td>মধুপুর (২.০০ একর)</td><td rowspan="9">জমি অধিগ্রহণপ্র ক্রিয়াধীন রয়েছে</td></tr>
<tr><td>গোপালগঞ্জ</td><td>কাশিয়ানি (৬.৯৪৫একর)</td></tr>
<tr><td>শেরপুর</td><td>সদর (৩.০০ একর)</td></tr>
<tr><td>গাইবান্ধা</td><td>সদর (১.৫০ একর)</td></tr>
<tr><td>পঞ্চগড়</td><td>দেবীগঞ্জ (৩.০০ একর)</td></tr>
<tr><td>ঠাকুরগাঁও</td><td>সদর (২.১৮ একর)</td></tr>
<tr><td>নীলফামারি</td><td>সদর (২.০০ একর)</td></tr>
<tr><td>নোয়াখালী</td><td>সদর (২.০০ একর)</td></tr>
<tr><td>ফেনী</td><td>পরশুরাম (২.০০ একর)</td></tr>
<tr><td>পটুয়াখালী</td><td>সদর (১.০০ একর)</td><td>জমি অধিগ্রহণ সম্পন্ন হয়েছে।</td></tr>
</table>



জমির সার্ভে কাজ



সয়েল টেস্ট (মাটি পরীক্ষা)



সাইট পরিদর্শন



সাইট ডেভেলপমেন্ট